গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং-১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-২০৯ তারিখঃ ২৪ অক্টোবর, ২০১৮ খ্রিঃ।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের অক্টোবর, ২০১৮ মাসের সমন্বয় সভার নোটিশ ।**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮ অক্টোবর, ২০১৮ খ্রিঃ রবিবার দুপুর ১২:০০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সভা কক্ষে অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অক্টোবর, ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে এতদসংগে সংযুক্ত সভার কার্যপত্র অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী সভার কার্যপত্র- ০১ (এক) সেট।

**সভার আলোচ্যসূচীঃ**

১। গত ২৭/০৯/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।
২। গত ২৭/০৯/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনা।
৩। বাজার দর পর্যালোচনা বিষয়ে প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, বাজার সংযোগ)।
৪। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, বাজার সংযোগ)।
৫। গবেষণা শাখার কার্যক্রম বিষয়ে প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, গবেষণা)।
৬। নন-ট্যাক্স রেভিনিউ আদায় ও মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন ( উপ- পরিচালক, আরইটিসি)।
৭। গুদাম ব্যবস্থাপনা শাখার কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন ( উপ-পরিচালক, গুদাম ব্যবস্থাপনা)।
৮। সদর দপ্তর ও বিভাগীয় পর্যায়ে ই-ফাইলিং সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন ( ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা)।
৯। বিবিধ।

(মোঃ মজিবর রহমান)
সহকারী পরিচালক
ফোনঃ ৫৮১৫৩৮৫৬।

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।
১। ..........................................................................
..........................................................................
কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

অনুলিপিঃ
১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সমন্বয় সভার নোটিশ ও কার্যপত্র ওয়েব-সাইটে প্রকাশের ব্যবস্থা নিন)।
২। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (সভায় উপস্থিত সদস্যদের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন)।
৩। পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

**কৃষি বিপণন অধিদপ্তরের অক্টোবর, ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যপত্রঃ**

আলোচ্যসূচী-১ : ২৭ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

২৭ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী ০৭ অক্টোবর, ২০১৮ তারিখে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে সংশোধনের জন্য লিখিত কোন প্রস্তাব পাওয়া যায়নি।

আলোচ্যসূচী-২ : ২৭ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

| ক্রমিক নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ২.১ | **বাজার দর পর্যালোচনাঃ** | (১) যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে চাল (সরু), ডাল মশুর (দেশী), আটা (পলিপ্যাক), আদা (দেশী ও আমদানীকৃত), বেগুন, মিষ্টি কুমড়া, আলু (হল্যান্ড সাদা), করল্যা/উচ্ছে, টমেটো, কাঁচা পেপে এবং অন্যান্য শাক-সব্জিসহ সকল কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে কার্যকরী বাজার সংযোগ স্থাপন এবং তদারকি অব্যাহত রাখতে হবে। | এ সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যায়নি। বিভাগীয় উপ-পরিচালকগণ এ বিষয়ে সভাকে অবহিত করবেন। **বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-ক)।** |
| | | (২) যে সকল কৃষিপণ্যের মধ্যে দেশী ও বিদেশী পণ্যের মূল্য সংগ্রহ করা হয় সেসকল পণ্যের মূল্যের গড় করে তথ্য সরবরাহের জন্য বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের বেশী যত্নশীল হতে হবে। | বিভাগীয় উপ-পরিচালকগণকে জেলা হতে তথ্য সংগ্রহ করে সমন্বয় পূর্বক প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য ছকসহ পত্র প্রেরণ করা হয়েছে। |
| ২.২ | **বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ** | (১) যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্যে বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে এবং জেলা পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে। | যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্যে বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত আছে এবং জেলা পর্যায়ে মনিটরিং জোরদার-করণের লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে। **বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-খ)।** |
| | | (২) দেশী-বিদেশী কোন ব্যক্তি/দপ্তর/সংস্থা-কে বাজার দর সরবরাহকালে গ্রহীতার নিকট হতে আব্যশিকভাবে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন গ্রহণপূর্বক সঠিক তথ্য হার্ড ও ই-ফাইলে সরবরাহ করতে হবে। | আবেদনকারীদের নিকট হতে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন চাওয়া হচ্ছে এবং ই-মেইলের মাধ্যমে বাজারদর সরবরাহ করা হচ্ছে। |
| | | (৩) মাঠ পর্যায় হতে সঠিক সময়ে সঠিক তথ্য সদর দপ্তরে প্রেরণ করতে মাঠ পর্যায়ের অফিসসমূহে পত্র প্রেরণ করতে হবে। | মাঠ পর্যায় হতে সঠিক সময়ে সঠিক তথ্য সদর দপ্তরে প্রেরণ করতে মাঠ পর্যায়ের অফিসসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৩. | **গবেষণা শাখা** | (১) আলু ও ফুলের ভ্যালু চেইন ও উৎপাদন মূল্য সেপ্টেম্বর, ২০১৮ মাসের মধ্যে ওয়েব-সাইটে প্রকাশ করতে হবে। যেসকল পণ্যের ভ্যালু চেইন এখনও প্রস্তুত হয়নি তা সম্পন্ন পূর্বক ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | ইতোমধ্যে আলু ও ফুলের সাপ্লাই চেইন ও উৎপাদন মূল্য ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। অন্যান্য ফসলের সাপ্লাই চেইন প্রস্তুতকরণ অব্যাহত রয়েছে। **গবেষণা শাখার কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন (পরিশিষ্ট-গ)।** |
| | | (২) কৃষিপণ্যের উৎপাদন খরচ নির্ণয় ও বিপণন মূল্যের তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত পুর্বক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | কৃষিপণ্যের উৎপাদন খরচ নির্ণয় ও বিপণন মূল্যের তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত পুর্বক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত আছে। |

**পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক**

| ক্রমিক নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ৪. | **আরইটিসি শাখা** | (১) 'কৃষি বিপণন আইন, ২০১৮' মহান জাতীয় সংসদে উপস্থাপনের পর বিগত ১৮/০৯/২০১৮ তারিখে আইনটি কণ্ঠভোটে পাশ করা হয়। 'কৃষি বিপণন আইন, ২০১৮' পাশ হওয়ার পর ইতোমধ্যে তা গেজেট আকারে প্রকাশিত হয়েছে। আইনটির বিধি প্রণয়ন পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। 'কৃষি বিপণন আইন, ২০১৮'-এর প্রকাশিত গেজেট মাঠ পর্যায়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | 'কৃষি বিপণন আইন, ২০১৮'-এর গেজেট গত ২১/১০/২০১৮ তারিখের ১২.০২.০০০০.১৫. ২২.০০১.১২-১০৯ সংখ্যক স্মারকে বিভাগ ও জেলা পর্যায়ের অফিসসমূহে প্রেরণ এবং অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ করা হয়েছে।<br>**নন-ট্যাক্স রেভিনিউ আদায় ও প্রধান-প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত প্রতিবেদন (পরিশিষ্ট-ঘ)।** |
| ৫. | **নীতি ও পরিকল্পনা শাখা** | (১) মন্ত্রণালয়ে প্রেরিত কাঁঠাল এবং আলু কর্মসূচী ০২টি'র অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | যোগাযোগ অব্যাহত আছে। ইতোমধ্যে কাঁঠাল সম্পর্কিত কর্মসূচী অনুমোদনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় থেকে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| | | (২) কৃষি বিপণন অধিদপ্তর শক্তিশালীকরণ, ফুল সংক্রান্ত এবং এমএসসিপি প্রস্তাবিত প্রকল্প ০৩টি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | ফুল বিপণন সংক্রান্ত প্রস্তাবিত PEC সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পূর্ণগঠনের কাজ চলমান আছে। অপরদিকে SACP প্রকল্প ECNEC সভায় উপস্থাপনের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ৬. | **গুদাম ব্যবস্থাপনা শাখা** | (১) যেসকল জেলা হতে গুদাম/ওয়ারহাউজের তথ্য প্রেরণ করে নাই সেকল জেলার সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর শস্য গুদাম ব্যবস্থাপনা শাখা হতে পত্র প্রেরণ করতে হবে। | যে সকল জেলা হতে গুদাম/ওয়ারহাউজের তথ্য প্রেরণ করে নাই সে সকল জেলার সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবর ১১/১০/২০১৮ তারিখে ১২.০২. ০০০০.০২২.০৬.০৪২.১৭.৯১ সংখ্যক স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে।<br>**গুদাম ব্যবস্থাপনা শাখার কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন (পরিশিষ্ট-ঙ)।** |
| ৭. | **অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন** | (১) অভ্যন্তরীণ অডিট টিমদ্বয় তাদের কার্যক্রম আরোও গতিশীল করতে নিয়মিতভাবে জেলা অফিসসমূহের অডিট কার্যক্রম পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল অব্যাহত রাখবে এবং বছর ভিত্তিক নিরীক্ষা আপত্তি উক্ত বছরের মধ্যেই নিস্পন্ন করতে হবে। খুলনা বিভাগীয় কার্যালয় হতে বিভাগের আওতাধীন অডিটসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অভ্যন্তরীণ অডিট টিমদ্বয় ইতোমধ্যে ৪৭টি অফিসের অডিট সম্পন্ন করেছেন। অডিট প্রতিবেদন দাখিল ও অডিট নিস্পন্নের কাজ অব্যাহত আছে। খুলনা বিভাগের আওতাধীন কুষ্টিয়া ও সাতক্ষিরা জেলা অফিস হতে জবাব পাওয়া গিয়েছে এবং পরবর্তী কার্যক্রম অব্যাহত আছে। |
| | | (২) বিভাগীয় ও জেলা অফিসসমূহ হতে পিআরএল-এ যাবেন এমন কর্মকর্তা/কর্মচারীর নামের তালিকা ০৩ মাস পূর্বে সদর দপ্তরে প্রেরণের লক্ষ্যে প্রশাসন শাখা হতে বিভাগ ও জেলাসমূহ-কে পত্র প্রেরণ করতে হবে। | পিআরএল-এ যাবেন এমন কর্মকর্তা/কর্মচারীর নামের তালিকা ০৩ মাস পূর্বে সদর দপ্তরে প্রেরণের লক্ষ্যে প্রশাসন শাখা হতে বিভাগ ও জেলাসমূহ-কে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৮. | **ICT শাখা** | (১) প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় এবং জেলা কার্যালয়ের ই-নথি কার্যক্রম আরোও শক্তিশালীকরার জন্য নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে এবং সমন্বয় সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। ই-নথি সংক্রান্ত বিষয়ে ০৮/০৯/২০১৮ তারিখে প্রশিক্ষণপ্রাপ্ত ২৩টি কার্যালয়ের অনলাইভে ই-নথি কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ই-নথি কার্যক্রম আরোও শক্তিশালীকরণের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে।<br>**সদর দপ্তর ও বিভাগীয় পর্যায়ে ই-ফাইলিং সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন (পরিশিষ্ট-চ)।** |
| | | (২) প্রধান কার্যালয়ের LAN Setup এবং ইন্টারনেট সংযোগের ত্রুটির কারণে প্রায়শঃ সংযোগ বিচ্ছিন্ন হয় একারণে প্রধান কার্যালয়ের LAN Setup সংস্কার এবং সেন্ট্রাল LAN স্থাপনের মাধ্যমে সংযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিষয়টি সমাধানের জন্য বর্তমানে ব্যবহৃত LAN Setup-এর ত্রুটি-বিচ্যুতি চিহ্নিত করার জন্য দুটি কারিগরী কোম্পানীর সাথে প্রাথমিক আলোচনা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা যেতে পারে। |
| ৯. | **কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক।** | (১) ২০১৮-২০১৯ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালক এবং সদর দপ্তরের সকল শাখা প্রধানগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% ভাগ কার্যাদি সম্পন্ন পূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন। | ২০১৮-২০১৯ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালক এবং সদর দপ্তরের সকল শাখা প্রধানগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ইতোমধ্যে নীতি ও পরিকল্পনা শাখায় প্রেরণ করেছেন। |

**পণ্যের গ্রেডিং মুল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক**

| ক্রমিক নং | শাখা | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১০. | **কৃষি বিপণন অধিদপ্তরে SDG's বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন।** | (১) SDG's সরকারে অগ্রাধিকার কার্যক্রম, সেহেতু SDG's সংক্রান্ত কৃষি বিপণন অধিদপ্তরের কার্যক্রমসমূহ চিহ্নিত করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | কোন প্রতিবেদন পাওয়া যায়নি। সভায় আলোচনা করা যেতে পারে। |
| ১১. | **শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিষ্পত্তি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭** | (১) বিভাগীয় কার্যালয় হতে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | কোন প্রতিবেদন পাওয়া যায়নি। সভায় আলোচনা করা যেতে পারে। শুদ্ধাচার কৌশল বিষয়ে জুলাই/২০১৮ মাসে ২৯ জন কর্মকর্তাকে ০৩ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| | | (২) Action Plan এবং Guideline অনুযায়ী অভিযোগ পাওয়া মাত্রই শুদ্ধাচার কৌশল বিষয়ে সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | অভিযোগ পাওয়া যায় নাই। পাওয়া মাত্রই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ অব্যাহত আছে। |
| ১২. | **তথ্য অধিকার আইন।** | (১) তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত আবেদন ফরম ব্যবহারকারীদের তথ্য প্রদান করতে হবে এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | তথ্য অধিকার আইন, ২০০৯-এর ফরম 'খ' অনুযায়ী ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে তথ্য সরবরাহ অব্যাহত আছে। |
| ১৩. | **সেন্ট্রাল মার্কেট পরিচালনা** | (১) আগামী ০২ মাসের মধ্যে ব্যবহার উপযোগী সেন্ট্রাল মার্কেট পরিচালনা নীতিমালা প্রণয়ন পূর্বক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |
| | | (২) এমএমসি'র সভার সভাপতির সাথে আলোচনা পূর্বক সেন্ট্রাল মার্কেট বিষয়ে দৃশ্যমান কার্যক্রম শুরু করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | স্পেস বরাদ্দ কমিটির সুপারিশ বিবেচনার জন্য পরবর্তী এসএমসির সভায় উপস্থাপন করা হবে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ১৪. | **ইনোভেশন টিম** | (১) ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ ১৫ অক্টোবর, ২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | নাগরিক সেবার উদ্ভাবন বিষয়ক ২ দুই) দিনব্যাপী প্রশিক্ষণ গত ২০-২১ অক্টোবর, ২০১৮ তারিখে সম্পন্ন করা হয়েছে। |
| | | (২) ইনোভেশন ব্যাংক সমৃদ্ধশালীকরণের লক্ষ্যে বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ উদ্ভাবনমূলক আইডিয়া সৃষ্টপূর্বক সদর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখবে এবং সেই তালিকা হতে ইনোভেশন ব্যাংক-এর তালিকা সমৃদ্ধকরণ পূর্বক ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | কোন প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিষয়ে ইনোভেশন অফিসার সভায় আলোচনা করবেন। |
| | | (৩) জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁদপুর-কে তাঁর ইনোভেশন আইডিয়াকে ২/৩ মিনিটের ০১টি ভিডিও ক্লিপ করে সদর দপ্তরের আইসিটি শাখায় প্রেরণের লক্ষ্যে সদর দপ্তর হতে উক্ত কর্মকর্তা-কে পত্র প্রেরণ করতে হবে। | জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁদপুর ইনোভেশন আইডিয়ার উপর ১.৩০ মিনিট-এর ০১টি ভিডিও ক্লিপ সদর দপ্তরের আইসিটি শাখায় প্রেরণ করেছেন। |
| ১৫. | **ফিল্ড সার্ভিস** | কোন আলোচ্য বিষয় না থাকায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | ফিল্ড সার্ভিস কর্মকর্তা সভায় আলোচনা করবেন। |

মহাপরিচালকের পক্ষে,

[signature] ২৪.১০.১৮

(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-সচিব
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৯১১৪৮২২।

**পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক**

D:\Monthly coordination meeting1.doc